

যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
যমুনা ভবন, আখ্ৰাবাদ, চট্টগ্রাম।

ফোনঃ ৭২০১৮১-৩
২৫২০১৩৪-৯

ক্রয় মালামাল নিলাম বিজ্ঞপ্তি :

অত্র কোম্পানীর গুণ্ডখাল, পতেঙ্গা, চট্টগ্রামস্থ টারমিনাল এলাকায় “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে বিভিন্ন ধরনের ক্রয় মালামাল বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে কোম্পানীর নির্দিষ্ট ফরমে বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

পুরাতন/ক্রয় মালামাল সমূহ : পুরাতন অকেজো লোহার তৈরি মালামাল, কাঠের মালামাল, বৈদ্যুতিক সামগ্রী, পুরাতন এম এস প্লেট, পুরাতন এম এস রড ও পাইপ, অকেজো ফায়ার এক্সটিংগুইশার ও চেউটিন, পুরাতন ভাস্মা আর সি সি কলাম ও বীম এর অংশ ইত্যাদি।

পুরাতন/ক্রয় মালামালের বিশদ বিবরণ ও নিলামের শর্তাবলী সম্বলিত দরপত্র তফসিল প্রতি সেট ৫০০.০০ (পাঁচশত) টাকা মূল্যে (ক) চীফ ক্যাশিয়ার, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, যমুনা ভবন, আখ্ৰাবাদ, চট্টগ্রাম (খ) ডি জি এম (লিয়াজো অফিস), যমুনা ভবন, ২ কাওরান বাজার, ঢাকা থেকে সংগ্রহ করা যাবে। এক বা একাধিক গ্রুপের জন্য দরপত্র প্রদান করা যাবে। দরপত্রের সাথে জামানত বাবদ সবমোট উদ্ধৃত মূল্যের ৭.৫% হারে পে অর্ডার বা ব্যাংক ড্রাফট “যমুনা অয়েল কোম্পানী লিমিটেড” এর অনুকূলে অবশ্যই সংযুক্ত করতে হবে। দরপত্র আখ্ৰাবাদ, চট্টগ্রাম যমুনা ভবনস্থ জিএম (অপারেশন্স) এর অফিসে অথবা ঢাকাস্থ ডিজিএম (লিয়াজো) এর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে আগামী ২৪-০১-২০১৮ তারিখে বেলা ২-৪৫ ঘটিকার মধ্যে জমা দিতে হবে। ঐ দিন বেলা ৩-০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে দরপত্র খোলা হবে। আয়কর অধ্যাদেশ ও মূসক আইন অনুযায়ী বিক্রয়াদেশ প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে উদ্ধৃত মূল্যের উপর আয়কর হিসাবে ৫% এবং মূসক হিসাবে ৪% (অর্থাৎ সবমোট ৯%) টাকা আলাদা আলাদাভাবে ডি ডি বা পে-অর্ডার আকারে অতিরিক্ত পরিশোধ করতে হবে। মালামাল সরবরাহ নেয়ার পূর্বে সরকার কর্তৃক আয়কর কিংবা মূসকের হার বৃদ্ধি করা হলে বর্ধিত অংকের টাকা পরিশোধ করার পরই মালামাল সরবরাহ দেয়া হবে।

দরপত্র খোলার দিনে কোন সিডিউল বিক্রয় করা হবে না। মালামাল যে কোন দিন অফিস চলাকালীন সময়ে গুণ্ডখাল, পতেঙ্গা, চট্টগ্রামস্থ টারমিনাল অফিসে পরিদর্শন করা যাবে। অনিবার্য কারণে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণ/খোলা সম্ভব না হলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে তা গ্রহণ/খোলা হবে। যমুনা অয়েল কোম্পানী লিমিটেড কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

এজিএমপি/১০/২০১৭-১৮

জেনারেল ম্যানেজার (অপারেশন্স)